

# কুমিল্লায় আর্মি ইউনিভার্সিটির ১১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

কুমিল্লা প্রতিনিধি



বাংলাদেশ আর্মি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন। ছবি : কালের কণ্ঠ

কুমিল্লায় ঝামকালো আয়োজনের মধ্য দিয়ে বাংলাদেশ আর্মি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (বাইউস্ট)-এর ২০২৬ ব্যাচের শিক্ষার্থীদের নবীনবরণ ও ১১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে।

বুধবার (১৫ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বাইউস্ট কালচারাল ক্লাবের উদ্যোগে দিনব্যাপী এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন উপাচার্য ব্রিগেডিয়ার জেনারেল মো. কামাল

উদ্দিন কমল, এনডিসি, পিএসসি। উদ্বোধনী  
অনুষ্ঠানে তিনি সবাইকে বাংলা নববর্ষের  
শুভেচ্ছা জানান এবং বাইউস্টের ১১ বছর পূর্তি  
উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের বিগত বছরসমূহের  
ধারাবাহিক অগ্রগতি ও অর্জনসমূহ তুলে ধরেন।



উপাচার্য বলেন, 'বাংলাদেশ আর্মি  
ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড  
টেকনোলজি ২০১৫ খ্রিস্টাব্দের ১৪ ফেব্রুয়ারি  
তারিখে নলেজ, উইজডম এন্ড টেকনোলজি  
মটো নিয়ে কুমিল্লা সেনানিবাসের অস্থায়ী  
ক্যাম্পাসে যাত্রা শুরু করে। বিশ্ববিদ্যালয়ের  
শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অক্লান্ত  
পরিশ্রম, শিক্ষার্থী ও অভিভাবকদের অকুণ্ঠ  
সমর্থন ও ভালোবাসা এবং বাংলাদেশ  
সেনাবাহিনীর পৃষ্ঠপোষকতায় আজ

বিশ্ববিদ্যালয়টি ১১ বছর পূর্তি উদযাপন করছে।  
সেজন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আমি সবার  
প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।’

তিনি আরো বলেন, ‘আমাদের প্রত্যাশা এবং দৃঢ়  
বিশ্বাস শীঘ্রই এই বিশ্ববিদ্যালয় দেশের প্রথম  
সারির একটি বিশ্ববিদ্যালয় হিসাবে প্রতিষ্ঠা লাভ  
করবে।

এই লক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনী প্রয়োজনীয়  
সকল ধরনের পৃষ্ঠপোষকতা করে যাচ্ছে।’



পরে ২০২৬ বর্ষের শিক্ষার্থীদের নবীনবরণ ও  
১১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে শিক্ষার্থীদের  
অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের  
আয়োজন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে  
জনপ্রিয় ব্যান্ডদল ‘জলের গান’ অংশগ্রহণ  
করে। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিভাগের

শিক্ষার্থীর নৃত্য পরিবেশনা করে এবং বৈশাখী  
মেলাসহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এ সময় আরো উপস্থিত ছিলেন বাইউস্টের  
ট্রেজারার কর্নেল মহাম্মদ ইফতেখারুল হক,  
পিএসসি (অব.), রেজিস্ট্রার লে. কর্নেল খন্দকার  
মাহমুদ হোসেন, এসপিপি, পিএসসি (অব.),  
বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, শিক্ষকমণ্ডলী,  
কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষার্থীবৃন্দ। অনুষ্ঠানে  
স্বাগত বক্তব্য দেন বাইউস্ট কালচারাল ক্লাবের  
উপদেষ্টা ও সায়েন্স অ্যান্ড হিউম্যানিটিজ  
বিভাগের সহযোগী অধ্যাপক নুসরাত জাহান।